



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/অভ্যন্তরীণ যোগাযোগ/২০২১/১১৫৮৬

তারিখ: ২৫/১০/২০২২ খ্রি.

বিষয় : পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের ক্ষেত্রে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩ (তিন) টি অগ্রিম বেতন বৃদ্ধি সংক্রান্ত বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যা ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

সূত্র : ইউজিসির স্মারক নং- ইউজিসি/প্রশা:/৪(৪)/৭৩/১১-২/২৪৩৮, তারিখ- ৩১.০৭.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকের মাধ্যমে অর্থ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের ক্ষেত্রে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩ (তিন) টি অগ্রিম বেতন বৃদ্ধি সংক্রান্ত বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যা এতদসঙ্গে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হল।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(মো: রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবা: ০১৭০৫-৪০৮০০১

ইমেইল- iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/অভ্যন্তরীণ যোগাযোগ/২০২১/১১৫৮৬ (১)

তারিখ: ২৫/১০/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক (অ.দা), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. উপাচার্যের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় উপস্থিতি ও অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. অফিস নথি।

(ড. মো. আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)
আদেশ

তারিখ : ৯ শাব্দ, ১৪২৯ বঙ্গাব্দ/২৪ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৫৩-আইন/২০২২।—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর—

(১) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (ঙ) এর প্রান্তগতস্থিত “।” দাঁড়ি চিহ্নের পরিবর্তে “:” সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (চ) সন্নিবেশিত হইবে, যথা:—

“ (চ) পিএইচডি ডিগ্রিসহ প্রথম নিয়োগপ্রাপ্ত অথবা চাকরিরত বা কর্মরত থাকাকালীন পিএইচডি ডিগ্রি অর্জনকারী পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক যে পদে কর্মরত থাকিবেন, উক্ত পদের জন্য নির্ধারিত ও আহরিত বেতনশ্রেণি অনুযায়ী তিনি পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩ (তিন)টি অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন:

(১২৭৭৩)

মূল্য : টাকা ৪.০০

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা পরবর্তী পদোন্নতি বা উচ্চতর গ্রেড (টাইমস্কেল, সিলেকশন গ্রেড বা অন্য যে কোন নামে প্রাপ্য বা প্রাপ্ত উচ্চতর গ্রেড) প্রাপ্তি বা অন্য কোন ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং ইহা কেবল একবারের জন্য প্রযোজ্য হইবে:

আরও শর্ত থাকে যে, পিএইচডি ডিগ্রির অভিসন্দর্ভের (thesis) বিষয়টি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত এবং শিক্ষকদের শিক্ষাদান সংশ্লিষ্ট বিষয়ের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।”; এবং

- (২) উপ-অনুচ্ছেদ (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৩) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (চ) এর ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, এই অনুচ্ছেদে উল্লিখিত অধিম বেতনবৃদ্ধি কেবল চাকরিতে প্রথম নিয়োগ লাভের সময় প্রাপ্য হইবেন এবং উহা পরবর্তী পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।”।

- ২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুন নাহার
অতিরিক্ত সচিব।